s/6th comdeca/circular-1

বাংলাদেশ স্কাউটস, জাতীয় স্কাউট ভবন
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা- ১০০০

# পরিপত্র-০১

## বিষয় ঃ ৬ষ্ঠ জাতীয় কমডেকা

বাংলাদেশ স্কাউটস এর উদ্যোগে আগামী ০৮-১২ মার্চ, ২০১৮ চাঁদপুর জেলার হাইমচর উপজেলা সদরে মেঘনা নদীর পূর্বপাড়ে সমতলভূমি বেষ্টিত মনোরম প্রাকৃতিক পরিবেশ 'চরভাঙ্গা' এলাকায় **"৬ষ্ঠ জাতীয় কমডেকা"** আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। COMDECA (কমডেকা) এর পূর্ণরূপ Comunity Development Camp অর্থাৎ সমাজ উন্নয়ন ক্যাম্প। কমডেকা হচ্ছে স্কাউট ও রোভার স্কাউটদের এমন এক মিলন মেলা যেখানে অংশগ্রহণকারীগণ স্থানীয় জনগণের সাথে মিলে মিশে সমাজ উন্নয়নমূলক কাজ করবে। এছাড়া কমডেকায় সক্রিয়ভাবে অংশগ্রহণের মাধ্যমে একবিংশ শতাব্দির চ্যালেঞ্জ মোকাবেলায় নিজেদের শারীরিক ও মানসিক উৎকর্ষ সাধনে সক্ষম হবে। বাংলাদেশ স্কাউটস এর জাতীয় নির্বাহী কমিটি "৬ষ্ঠ জাতীয় কমডেকা" সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষে বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনার (স্পেশাল ইভেন্টস) এবং রেলপথ মন্ত্রণালায়ের সচিব **জনাব মোঃ মোফাজ্জেল হোসেন** কে সভাপতি এবং বাংলাদেশ স্কাউটস এর নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব আরশাদুল মুকাদ্দিস-কে **সদস্য সচিব** মনোনীত করে ৭৬ সদস্য বিশিষ্ট একটি শক্তিশালী কমডেকা সাংগঠনিক কমিটি গঠন করে।

সাংগঠনিক কমিটির দু'টি সভা আয়োজনের মাধ্যমে সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে ৬ষ্ঠ জাতীয় কমডেকা বাস্তবায়নের কাজ ত্বরান্বিত করতে ১৭ টি উপ-কমিটি গঠন এবং কমডেকা লোগো, থীম ও সঙ্গীত নির্ধারণসহ অংশগ্রহণকারীদের কোটা চূড়ান্ত করা হয়েছে। জাতীয় সদর দফতরে কমডেকা সচিবালয় স্থাপন করে ৬ষ্ঠ জাতীয় কমডেকা বাস্তবায়নের প্রস্তুতি কাজ শুরু হয়েছে। এবারের কমডেকায় আকর্ষনীয়, আনন্দদায়ক, শিক্ষামূলক ও সর্বোপরি সমাজ উন্নয়নমূলক নানা রকম চ্যালেঞ্জের সম্মিলন ঘটবে বলে আশা করা যাচ্ছে। শীঘ্রই পরিপত্র-০২ এর মাধ্যমে বিস্তারিত প্রোগ্রাম সংশ্লিষ্টদের জানানো হবে। **"৬ষ্ঠ জাতীয় কমডেকায়"** অংশগ্রহণের রেজিস্ট্রেশনসহ প্রাথমিক সকল তথ্যাদি নিম্নে প্রদান করা হলো ঃ-

১। **কমডেকা থীম ঃ** শতবর্ষের অধিক সময় যাবৎ স্কাউটিং বিশ্বব্যাপী সর্বজন স্বীকৃত সফল ও যুগোপযোগী একটি যুব আন্দোলন। যার লক্ষ্য হলো দেশের শিশু-কিশোর-যুবদের সৎ, আত্মনির্ভরশীল, দায়িত্বশীল ও পরোপকারি নাগরিক হিসেবে গড়ে তোলা । ফলশ্রুতিতে স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে এ আন্দোলনের একজন সদস্য স্বীয় ভূমিকা পালনের মাধ্যমে দেশের শান্তি ও উন্নয়নে টেকশই অবদান রাখতে সক্ষম হয়। সমাজিক দায়বদ্ধতা থেকে একটি টেকসই সমাজ বিনির্মার্ণের লক্ষে ৬ষ্ঠ জাতীয় কমডেকা-র থীম নির্ধারণ করা হয়েছে ঃ **"টেকসই সমাজ বিনির্মাণে স্কাউটিং"**। এই থীম কমডেকায় অংশগ্রহণকারীদের উন্নত টেকসই দেশ তথা সমাজ গড়তে উদ্বুদ্ধ ও অনুপ্রাণীত করবে।

২। **অংশগ্রহণকারীদের যোগ্যতা ঃ**

বাংলাদেশ স্কাউটস এর চতুর্বার্ষিকী প্রোগ্রাম পরিকল্পনার আলোকে উপজেলা, জেলা ও অঞ্চল পর্যায়ে অনুষ্ঠিত স্কাউট সমাবেশ, আঞ্চলিক কমডেকা ও আঞ্চলিক রোভার মুট-এ অংশগ্রহণকারী ইউনিটসমূহকে অগ্রাধিকার দিতে হবে।

**(ক) স্কাউট ঃ** কমপক্ষে স্ট্যান্ডার্ড ব্যাজধারী স্কাউটরা ৬ষ্ঠ জাতীয় কমডেকায় -এ অংশগ্রহণের সুযোগ পাবে। প্রত্যেক স্কাউটকে শারীরিকভাবে সুস্থ্য ও সংক্রামক রোগমুক্ত হতে হবে এবং আবশ্যিকভাবে সাঁতার জানতে হবে। অসুস্থ কোন স্কাউট যাতে নির্বাচিত না হয় সেদিকে বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে। ঠান্ডা ও রোদে কঠোর পরিশ্রম করতে সক্ষম এমন স্কাউট নির্বাচন করার জন্য ইউনিটসমূহকে অনুরোধ জানানো হলো। এজমা বা অন্য কোন সংক্রামক বা জটিল কোন রোগে আক্রান্তদের মনোনয়ন না দেয়ার জন্য পরামর্শ প্রদান করা হলো।

**(খ) রোভার স্কাউট ঃ** কমপক্ষে প্রশিক্ষণ স্তরের রোভার স্কাউটরা ৬ষ্ঠ জাতীয় কমডেকায় -এ অংশগ্রহণের সুযোগ পাবে। প্রত্যেক রোভার স্কাউটকে শারীরিকভাবে সুস্থ ও সংক্রামক রোগমুক্ত হতে হবে এবং আবশ্যিকভাবে সাঁতার জানতে হবে। অসুস্থ কোন রোভার স্কাউট যাতে নির্বাচিত না হয় সেদিকে বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে। ঠান্ডা ও রোদে কঠোর পরিশ্রম করতে সক্ষম এমন রোভার স্কাউট নির্বাচন করার জন্য ইউনিটসমূহকে অনুরোধ জানানো হলো। এজমা বা অন্য কোন সংক্রামক বা জটিল কোন রোগে আক্রান্তদের মনোনয়ন না দেয়ার জন্য পরামর্শ প্রদান করা হলো।

৩। **অংশগ্রহণকারী কোটাঃ** চতুর্বার্ষিকী পরিকল্পনার আলোকে বিগত বছরসমূহে অনুষ্ঠিত রোভার, রেলওয়ে, নৌ ও এয়ার অঞ্চলের মুট এবং সাধারণ জেলাসমূহে অনুষ্ঠিত "জেলা স্কাউট সমাবেশে" যোগদানকারীর সংখ্যার ভিত্তিতে প্রাপ্য কোটা অনুযায়ী ৬ষ্ঠ জাতীয় কমডেকায় নিম্নবর্ণিত কোটা নির্ধারণ করা হয়েছে। বরাদ্দকৃত আঞ্চলিক কোটা অনুযায়ী অঞ্চলসমূহ নিজ নিজ জেলার মধ্যে কোটা বরাদ্দ করবে এবং কোটা অনুযায়ী যথাসময়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করাসহ তাদের অংশগ্রহণ নিশ্চিত করবে ঃ

| ক্রম. | অঞ্চলের নাম | ইউনিটি সংখ্যা | | | স্কাউট/ রোভার সংখ্যা | | | ইউনিট লিডার সংখ্যা | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ছেলে | মেয়ে | মোট | ছেলে | মেয়ে | মোট | পুরুষ | মহিলা | মোট | |
| ১ | রোভার | ১৬৫ | ৬০ | ২২৫ | ১৩২০ | ৪৮০ | ১৮০০ | ১৬৫ | ৬০ | ২২৫ | ২০২৫ |
| ২ | ঢাকা | ৫০ | ২০ | ৭০ | ৪০০ | ১৬০ | ৫৬০ | ৫০ | ২০ | ৭০ | ৬৩০ |
| ৩ | খুলনা | ৩০ | ১০ | ৪০ | ২৪০ | ৮০ | ৩২০ | ৩০ | ১০ | ৪০ | ৩৬০ |
| ৪ | রাজশাহী | ১৫ | ৫ | ২০ | ১২০ | ৪০ | ১৬০ | ১৫ | ৫ | ২০ | ১৮০ |
| ৫ | দিনাজপুর | ১৫ | ৫ | ২০ | ১২০ | ৪০ | ১৬০ | ১৫ | ৫ | ২০ | ১৮০ |
| ৬ | ময়মনসিংহ | ১৫ | ৫ | ২০ | ১২০ | ৪০ | ১৬০ | ১৫ | ৫ | ২০ | ১৮০ |
| ৭ | বরিশাল | ২৮ | ৭ | ৩৫ | ২২৪ | ৫৬ | ২৮০ | ২৮ | ৭ | ৩৫ | ৩১৫ |
| ৮ | কুমিল্লা | ৫৫ | ২০ | ৭৫ | ৪৪০ | ১৬০ | ৬০০ | ৫৫ | ২০ | ৭৫ | ৬৭৫ |
| ৯ | সিলেট | ১৪ | ৬ | ২০ | ১১২ | ৪৮ | ১৬০ | ১৪ | ৬ | ২০ | ১৮০ |
| ১০ | চট্টগ্রাম | ২৪ | ৬ | ৩০ | ১৯২ | ৪৮ | ২৪০ | ২৪ | ৬ | ৩০ | ২৭০ |
| ১১ | রেলওয়ে | ১৩ | ৪ | ১৭ | ১০৪ | ৩২ | ১৩৬ | ১৩ | ৪ | ১৭ | ১৫৩ |
| ১২ | নৌ | ৮ | ৩ | ১১ | ৬৪ | ২৪ | ৮৮ | ৮ | ৩ | ১১ | ৯৯ |
| ১৩ | এয়ার | ৫ | ৩ | ৮ | ৪০ | ২৪ | ৬৪ | ৫ | ৩ | ৮ | ৭২ |
| | মোট | ৪৩৭ | ১৫৪ | ৫৯১ | ৩৪৯৬ | ১২৩২ | ৪৭২৮ | ৪৩৭ | ১৫৪ | ৫৯১ | ৫৩১৯ |

৪। **ইউনিট/ দলীয় সংখ্যাঃ** আট জন স্কাউট/ রোভার স্কাউট ও একজন ইউনিট লিডারের সমন্বয়ে একটি স্কাউট/ রোভার স্কাউট দল কমডেকায় অংশগ্রহণ করবে। প্রশিক্ষণপ্রাপ্ত ইউনিট লিডার ব্যতীত কোন ইউনিটকে ৬ষ্ঠ জাতীয় কমডেকায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে না। মেয়ে (গার্ল-ইন-স্কাউট) দলের সাথে অবশ্যই প্রশিক্ষণ প্রাপ্ত মহিলা ইউনিট লিডার থাকতে হবে। ছেলে দলের সাথে পুরুষ ইউনিট লিডার ও মেয়ে দলের সাথে মহিলা ইউনিট লিডার আবশ্যিকভাবে তাঁবুতে অবস্থান করবেন।

৫। **রেজিস্ট্রেশনঃ** ৬ষ্ঠ জাতীয় কমডেকায় অংশগ্রহণকারীদের নিম্নবর্ণিত হারে রেজিস্ট্রেশন ফি নির্ধারণ করা হয়েছে ঃ

<table>
<tr><th>ক্রম</th><th colspan="2">অংশগ্রহণকারী</th><th>রেজিস্ট্রেশন ফি</th></tr>
<tr><td>(ক)</td><td colspan="2">স্কাউট এবং রোভার স্কাউট দল প্রতি রেজিঃ ফি</td><td>= ১০০০.০০ (এক হাজার) টাকা</td></tr>
<tr><td>(খ)</td><td colspan="2">কমডেকা সার্ভিস টিমের সদস্য (বয়স্ক নেতা)</td><td>= ৫০০.০০ (পাঁচশত) টাকা</td></tr>
<tr><td>(গ)</td><td colspan="2">রোভার স্কাউট স্বেচ্ছাসেবক</td><td>= ৩০০.০০ (তিনশত)টাকা</td></tr>
<tr><td>(ঘ)</td><td colspan="2">বিভিন্ন সংস্থার প্রতিনিধি (কেন্দ্রীয় প্রদর্শন পল্লী ও অন্যান্য)</td><td>= ৫০০.০০ (পাঁচশত) টাকা</td></tr>
<tr><td rowspan="2">(ঙ)</td><td rowspan="2">বিদেশী অংশগ্রহণকারীদের মাথাপিছু</td><td>সার্কভুক্ত দেশসমূহ</td><td>= ৫০.০০ (পঞ্চাশ) ইউএস ডলার</td></tr>
<tr><td>এপিআর অন্তর্ভুক্ত অন্যান্য দেশসমূহ</td><td>= ৭৫.০০ (পঁচাত্তর) ইউএস ডলার</td></tr>
</table>

(ক) ইউনিটের স্কাউট/রোভার স্কাউট এবং স্কাউট লিডার/রোভার স্কাউট লিডারদের অত্র পরিপত্রের সাথে সংযুক্ত রেজিস্ট্রেশন ফরম ও অভিভাবকের অনুমতিপত্র যথাযথভাবে (সংযোজনী " ক ও খ") পূরণ করে রেজিস্ট্রেশন ফিসহ (ডিডি/পে-অর্ডার মারফত **"৬ষ্ঠ জাতীয় কমডেকা, বাংলাদেশ স্কাউটস"** (শিরোনামে) সংশ্লিষ্ট জেলা ও অঞ্চলের মাধ্যমে আগামী ৩১ জানুয়ারি, ২০১৮ তারিখের মধ্যে ৬ষ্ঠ জাতীয় কমডেকা সচিবালয়, জাতীয় সদর দফতর, ৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০ বরাবর প্রেরণ করতে হবে।

(খ) কমডেকা সার্ভিস টিমের সদস্য (বয়স্ক নেতা) ও রোভার স্বেচ্ছাসেবকদের মনোনয়নের বিষয়ে পৃথক পত্র জারী করা হবে।

**৬। খাদ্য ব্যবস্থাপনা ঃ** ৬ষ্ঠ জাতীয় কমডেকায় অংশগ্রহণকারী ইউনিটসমূহের স্কাউট,রোভার স্কাউট ও লিডারগণকে ইউনিট ভিত্তিক নিজস্ব ব্যবস্থাপনায় রান্না করে খেতে হবে। ইউনিট ভিত্তিক খাবার রান্নার জন্য সংশ্লিষ্ট ইউনিটকে ধোয়াবিহীন চুলা, প্রয়োজনীয় তৈজষপত্র, থালা/বাসন, গ্লাস, জগ/মগ ইত্যাদি সঙ্গে আনতে হবে। কমডেকা এলাকায় অস্থায়ী বাজার স্থাপন এবং পর্যাপ্ত পরিমাণে ও সুলভ মূল্যে প্রয়োজনীয় সকল সামগ্রী প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করা হবে ।

**৭। আবাস ব্যবস্থাপনা ঃ** অংশগ্রহণকারী সকল ইউনিটকে সাব-ক্যাম্প ভিত্তিক তাঁবুতে অবস্থান করতে হবে। ইউনিটের সাথে অবশ্যই ইউনিট লিডারকে তাঁবুতে থাকতে হবে। তাঁবু খাঁটানোর জন্য প্রয়োজনীয় পরিমাণ পেগ/ খুটি/বাঁশ, দড়ি, হ্যামার/ কাঠের হাতুড়ী ইত্যাদি সঙ্গে আনতে হবে।

**৮। গ্রাউন্ডশীট, বিছানাপত্র এবং অন্যান্য উপকরণ ঃ** ৬ষ্ঠ জাতীয় কমডেকায় অংশগ্রহণকারী স্কাউট ও রোভার স্কাউট ইউনিটসমূহকে তাঁবু বাসের উপযোগী গ্রাউন্ডশীট/হোগলা/চাটাই, আবহাওয়া উপযোগী বিছানাপত্র সঙ্গে আনার জন্য পরামর্শ দেয়া হল। এছাড়া কমডেকায় অংশগ্রহনের সুবিধার্থে ইউনিট ভিত্তিক গ্যাজেটের বাঁশ, বিভিন্ন ইভেন্ট উপযোগী পোশাক/কস্টিউম, সাজ-সজ্জার সামগ্রী সঙ্গে করে আনতে হবে। প্রতিটি ইউনিটকে নিজ ইউনিটের পতাকা, ব্যানার এবং পূর্ণাঙ্গ স্কাউট পোশাকে (গঠন ও নিয়ম তফসিল- ১ অনুযায়ী) কমডেকা প্রাঙ্গনে উপস্থিত হতে হবে। কমডেকা সচিবালয় কর্তৃক নির্ধারিত ফরমেটে ব্যানার তৈরীর পরামর্শ প্রদান করা হলো (ব্যানারের ফরমেট পরবর্তীতে সরবরাহ করা হবে)।

**৯। পরিবহণ ব্যবস্থাপনা ঃ** সড়ক পথে ঢাকা থেকে প্রায় ১৮৫ কিঃ মিঃ দক্ষিণপূর্ব দিকে চাঁদপুর জেলার হাইমচর উপজেলা সদরের **"চরভাঙ্গা"** এলাকায় ৬ষ্ঠ জাতীয় কমডেকা ভেন্যুতে পৌছান যাবে। রেলপথে চট্টগ্রাম থেকে "মেঘনা" এক্সপ্রেসে চাঁদপুর পৌছে সেখান থেকে সড়ক পথে হাইমচর উপজেলা সদরের **"চরভাঙ্গা"** এলাকায় পৌছান যাবে। দক্ষিণবঙ্গের অংশগ্রহণকারীরা নদীপথে হাইমচর উপজেলা সদরের **"চরভাঙ্গা"** এলাকায় পৌছাতে পারেন। নদীপথে ঢাকার সদরঘাট থেকে লঞ্চে ৬৫.৫ নটিক্যাল মাইল দক্ষিণপূর্ব দিকে চাঁদপুর জেলার হাইমচর লঞ্চঘাটে নেমে উপজেলা সদরের **"চরভাঙ্গা"** এলাকায় ৬ষ্ঠ জাতীয় কমডেকা ভেন্যুতে পৌছান যাবে।

**১০। নিরাপদ যাতায়াত ঃ** নিরাপদ যাতায়াত নিশ্চিত করার জন্য মনোনীত স্কাউট ও রোভার স্কাউট ইউনিটকে বাস/ট্রেন/লঞ্চ ইত্যাদি যানবাহনে দিনের বেলা যাতায়াতে উৎসাহিত করা হচ্ছে। সংশ্লিষ্ট জেলা স্কাউটস এর সভাপতি ও জেলা প্রশাসকের সাথে জেলা স্কাউটস ও জেলা রোভার স্কাউটস কর্মকর্তাবৃন্দের যৌথ বৈঠকের মাধ্যমে যানবাহনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। কমডেকা স্থলে নিরাপদ উপস্থিতি এবং কমডেকা শেষে নিরাপদ বাড়ি ফেরা আমাদের একান্ত কাম্য।

বাংলাদেশ স্কাউটস আয়োজিত ৬ষ্ঠ জাতীয় কমডেকা এর সুষ্ঠু, সুন্দর ও সফল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

**(মোঃ মোফাজ্জেল হোসেন)**
সভাপতি
৬ষ্ঠ জাতীয় কমডেকা সাংগঠনিক কমিটি
ও
জাতীয় কমিশনার (স্পেশাল ইভেন্টস)
বাংলাদেশ স্কাউটস
এবং
সচিব, রেলপথ মন্ত্রণালয়

স্মারক নং ঃ বাঃ স্কাঃ (৬ষ্ঠ জাঃ কমডেকা)/১৪৯৫(৪৮০)/২০১৭

তারিখ ঃ ০৭ পৌষ ১৪২৪ / ২১ ডিসেম্বর ২০১৭

বিতরণ ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
২। আঞ্চলিক উপ কমিশনার (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
৩। আঞ্চলিক সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল ;
৪। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস ;
৫। সভাপতি, জেলা স্কাউটস ও জেলা রোভার এবং জেলা প্রশাসক, সকল ;
৬। জেলা সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা/জেলা রোভার/ জেলা রেলওয়ে/ জেলা নৌ/ জেলা এয়ার ;

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। জাতীয় নির্বাহী কমিটির সদস্য (সকল), বাংলাদেশ স্কাউটস ;
২। ৬ষ্ঠ জাতীয় কমডেকা সাংগঠনিক কমিটির সদস্য (সকল),বাংলাদেশ স্কাউটস ;
৩। জাতীয় উপ কমিশনার, বাংলাদেশ স্কাউটস (সকল) ;

সদয় জ্ঞাতার্থে ঃ

১। ড. মোঃ মোজাম্মেল হক খান, প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস।

২১/১২/১৭

(আরশাদুল মুকাদ্দিস)
সদস্য সচিব
৬ষ্ঠ জাতীয় কমডেকা সাংগঠনিক কমিটি
এবং
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ স্কাউটস

**ফরম- "ক"**

# ৬ষ্ঠ জাতীয় কমডেকা

তারিখ ঃ ৮-১২ মার্চ ২০১৮

স্থান ঃ "চরভাঙ্গা", হাইমচর, চাঁদপুর

## রেজিস্ট্রেশন ফরম

(আগামী ৩১ জানুয়ারি, ২০১৮ তারিখের মধ্যে ৬ষ্ঠ জাতীয় কমডেকা সচিবালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে)

| | | |
|---|---|---|
| (ক) ইউনিটের নাম ঃ | (খ) গ্রুপ রেজিস্ট্রেশন/ চার্টার নম্বর ও তারিখ ঃ | (গ) জেলা ঃ<br>(ঘ) অঞ্চল ঃ |
| (ঙ) ঠিকানা ঃ | | |

| | |
|---|---|
| (চ) ইউনিট লিডারের নাম ঃ<br>(ছ) সর্বশেষ স্কাউট প্রশিক্ষণের বিবরণ (কোর্সের নাম, তারিখ, সনদ নম্বরসহ)ঃ | (জ) টেলিফোন নং ঃ<br>(ঝ) মোবাইল নং ঃ<br>(ঞ) ই-মেইল (যদি থাকে) ঃ |

(ট) চতুর্বার্ষিকী পরিকল্পনার আলোকে উপজেলা স্কাউট সমাবেশ, জেলা স্কাউট সমাবেশ/মুট এবং আঞ্চলিক রোভার মুটে যোগদানের তথ্য ঃ

| ক্রম | ইভেন্টের নাম | বাস্তবায়ন স্থান | বাস্তবায়ন তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা স্কাউট সমাবেশ | | | |
| ২ | জেলা স্কাউট সমাবেশ রোভার মুট | | | |
| ৩ | আঞ্চলিক স্কাউট সমাবেশ/ রোভার মুট | | | |

(ঠ) ০৮ জন স্কাউট/রোভার স্কাউটের "মাই প্রোগ্রেস" বই এর ফটোকপি সংযুক্ত করুন।

(ড) অংশগ্রহণকারী স্কাউট/ রোভার স্কাউটদের বিবরণ ঃ

| ক্রমিক | নাম | জন্ম তারিখ | কোন শ্রেণিতে অধ্যায়ণরত | দীক্ষা গ্রহণের তারিখ | স্কাউট/ রোভার স্তর |
|---|---|---|---|---|---|
| ১ | | | | | |
| ২ | | | | | |
| ৩ | | | | | |
| ৪ | | | | | |
| ৫ | | | | | |
| ৬ | | | | | |
| ৭ | | | | | |
| ৮ | | | | | |

| ইউনিট লিডার | গ্রুপ সভাপতি | উপজেলা সম্পাদক | জেলা সম্পাদক | আঞ্চলিক সম্পাদক |
|---|---|---|---|---|
| স্বাক্ষর ও সীল | স্বাক্ষর ও সীল | স্বাক্ষর ও সীল | স্বাক্ষর ও সীল | স্বাক্ষর ও সীল |

**বিঃ দ্রঃ রোভার ইউনিটের ক্ষেত্রে উপজেলা প্রযোজ্য নয়।**

**ফরম- "খ"**

**৬ষ্ঠ জাতীয় কমডেকা**

তারিখ ঃ ৮-১২ মার্চ ২০১৮

স্থান ঃ "চরভাঙ্গা", হাইমচর, চাঁদপুর

# অভিভাবকের সম্মতি

সদস্য সচিব
৬ষ্ঠ জাতীয় কমডেকা সাংগঠনিক কমিটি
বাংলাদেশ স্কাউটস

মাধ্যমঃ সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, ............................................................ অঞ্চল।

জনাব,

আমার পুত্র/কন্যা/পোষ্য.........................................................................................., ................................................................... বিশ্ববিদ্যালয়/মহাবিদ্যালয়/বিদ্যালয়/মাদ্রাসা/মুক্ত স্কাউট দলের .................................. শ্রেণীর ছাত্র/ছাত্রী এবং............................স্তরের স্কাউট/রোভার স্কাউট। আমি তাকে আগামী ০৮-১২ মার্চ, ২০১৮ পর্যন্ত চাঁদপুর জেলার হাইমচর উপজেলার "চরভাঙ্গা" এলাকায় অনুষ্ঠিতব্য ৬ষ্ঠ জাতীয় কমডেকায় অংশগ্রহণের অনুমতি প্রদান করলাম।

<u>সে সাঁতার জানে, শারীরিকভাবে সম্পূর্ণ সুস্থ ও সংক্রামক রোগমুক্ত এবং সুস্বাস্থ্যের অধিকারী।</u>

অভিভাবকের নাম ঃ

গ্রাম/ মহল্লা ঃ

ডাকঘর ঃ

উপজেলা ঃ

জেলা ঃ

টেলিফোন ঃ

মোবাইল ঃ

.................................... অভিভাবকের স্বাক্ষর

.................................... স্কাউট/রোভার স্কাউট লিডারের প্রতিস্বাক্ষর ও সীলমোহর

| গ্রুপ সভাপতি | উপজেলা সম্পাদক | জেলা সম্পাদক | আঞ্চলিক সম্পাদক |
|---|---|---|---|
| (নাম, স্বাক্ষর ও সীলমোহর) | (নাম, স্বাক্ষর ও সীলমোহর) | (নাম, স্বাক্ষর ও সীলমোহর) | (নাম, স্বাক্ষর ও সীলমোহর) |

**(বিঃ দ্রঃ রোভার ইউনিটের ক্ষেত্রে উপজেলা প্রযোজ্য নয়। প্রত্যেক স্কাউট ও রোভার স্কাউটের জন্য চার কপি ফরম পূরণ করে এক কপি জাতীয় সদর দফতরে, এক কপি অঞ্চলে,এক কপি জেলা ও এক কপি ইউনিট লিডারের নিকট সংরক্ষণ করতে হবে)**